

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২১

আগরতলা, ১ মে, ২০২১

১৪৪ ধারায় আগরতলা পুর নিগম এলাকায় করোনা নাইট কার্ফু

কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ ছড়িয়ে পড়া প্রতিরোধ করতে আগরতলা পুর নিগম এলাকায় করোনা নাইট কার্ফুর সময়সীমা আগামী ১ জুন, ২০২১, সকাল ৫টা পর্যন্ত বাড়ানো হয়েছে। করোনা নাইট কার্ফু প্রতিদিন রাত ১০টা থেকে পরদিন সকাল ৫টা পর্যন্ত বলবৎ থাকবে। ত্রিপুরার মুখ্যসচিবের জারি করা আদেশের পরিপ্রেক্ষিতে পশ্চিম ত্রিপুরার জেলাশাসক সি আর পি সি ১৪৪ ধারায় এক আদেশে নাইট কার্ফুর সময়সীমা বৃদ্ধি করেছেন এবং এই সময়ে লোক চলাচলে কিছু বিধিনিষেধ আরোপ করেছেন।

জেলাশাসক আদেশে জানিয়েছেন, প্রতিদিন রাত ১০টা থেকে পরদিন সকাল ৫টা পর্যন্ত নাইট কার্ফু আগামী ১ জুন, ২০২১ সকাল ৫টা পর্যন্ত বলবৎ থাকবে। রাত ১০টা থেকে পরদিন সকাল ৫টা পর্যন্ত জমায়েত অথবা ব্যক্তিগত চলাফেরা এবং যানবাহন চলাচল কঠোরভাবে নিষিদ্ধ। নাইট কার্ফু চলাকালীন সময়ে দোকান, অফিস, বিয়েবাড়ি, রেস্টুরেন্ট, সিনেমা হল, জিমনাসিয়াম, সুইমিং পুল, বিনোদনমূলক পার্ক, থিয়েটার, বার, অডিটোরিয়াম, মিলনায়তন প্রভৃতি খোলা যাবে না। নাইট কার্ফু চলাকালীন সময়ে আগরতলা পুর নিগম এলাকায় সামাজিক, রাজনৈতিক, ক্রীড়া, বিনোদনমূলক, শিক্ষা সংস্থা, সাংস্কৃতিক, মেলা, উৎসব, ধর্মীয় অনুষ্ঠান, অন্যান্য জমায়েত করা যাবে না।

এই আদেশে বলা হয়েছে, হাসপাতাল, ফার্মেসি, প্যাথলজিক্যাল, রেডিওলজিক্যাল, ল্যাবরেটোরি নাইট কার্ফুর বাইরে থাকবে। আইন শৃঙ্খলা রক্ষার কাজে মিলিটারি, প্যারা মিলিটারি ফোর্স এবং রাজ্য পুলিশের কর্মীদের চলাচলের ক্ষেত্রে নাইট কার্ফু প্রযোজ্য হবে না। সংবাদ সংগ্রহের কাজে নিযুক্ত বৈধ পরিচয়পত্র থাকা সংবাদকর্মী, চিকিৎসা প্রয়োজন এমন রোগীর ক্ষেত্রে, স্বাস্থ্য পরিষেবা, সাধারণ প্রশাসন, বিদ্যুৎ এবং পানীয় জল সরবরাহ প্রভৃতির মতো অত্যাবশ্যকীয় পরিষেবার কাজে যুক্ত বৈধ পরিচয়পত্র রয়েছে এমন সরকারি কর্মচারী, পুর নিগমের যানবাহন ও কর্মীদের চলাচল এই আদেশের বাইরে থাকবে। জেলাশাসক আদেশে জানিয়েছেন, আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
